

বন্যা সমস্যার স্থায়ী সমাধান, বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকদের সরকারি আর্থিক সহায়তা প্রদানের দাবি

বন্যা সমস্যার স্থায়ী সমাধান ও বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকদের সরকারি আর্থিক সহায়তা প্রদান, গ্রামীণ জনপদে বিশেষ ওএমএস কার্ড, সামরিক রেটে রেশন এবং এনজিও-দের ঋণের কিস্তি আদায় আগামী ছয় মাসের জন্য স্থগিত করার দাবিতে ২৮ সেপ্টেম্বর '২০ সমাজতান্ত্রিক ক্ষেত্রমজুর ও কৃষক ফ্রন্ট গাইবান্ধা জেলা শাখার উদ্যোগে শহরের পৌর শহিদ মিনারে সমাবেশ শেষে বিক্ষোভ মিছিল ও সদর উপজেলার নির্বাহী কর্মকর্তার নিকট স্মারকলিপি প্রদান করা হয়।